দৈনিক ইনকিলাব

144

তারিখ ... MAY 30 1999 ...
পৃঃ ৩ কলাম ৫....

## থানা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা কল্যাণ সমিতির ৩ দফা বাস্তবায়নের দাবী

**প্রেস বিজ্ঞপ্তি ঃ** গত ২৮ মে এডহক কমিটির আহবায়ক মোঃ সাঈদুর রহমানের সভাপতিত্বে অস্থায়ী কার্যালয়ে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় থানা শিক্ষা অফিসার মোঃ নূরুজ্জামানকে সভাপতি এবং গিয়াস উদ্দীন আহমদকে সাধারণ সম্পাদক করে ২১ সদস্য বিশিষ্ট থানা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা কল্যাণ সমিতি গঠন করা হয়েছে। সমিতির সভাপতি তিন দফা দাবী যথা ঃ থানা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার পদ সাধারণ শিক্ষা ক্যাডারভুক্ত করা, ১০০% সিলেকশন গ্রেড প্রদান ও নিয়োগ বিধি ৮৯ সংশোধন করার জন্য সরকারের প্রতি আহবান জানান। সভায় বাংলাদেশ সহকারী থানা শিক্ষা অফিসার সমিতির সভাপতি মামুন মোঃ মোশাররফ হোসেন ও খন্দকার মজিবুর রহমান উপস্থিত ছিলেন। তারা বক্তৃতাকালে তথাকথিত প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ঐক্যপরিষদ ঘোষিত ন্যক্কারজনক কর্মসূচী ও উস্কানিমূলক এবং অযৌক্তিক বক্তব্যের নিন্দা জ্ঞাপন করেন। ষড়যন্ত্রকারীদের অযৌক্তিক ও বিভ্রান্তিকর কার্যক্রমের সাথে বাংলাদেশ সহকারী থানা শিক্ষা অফিসার সমিতি কোন সম্পর্ক নেই।